

## 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৪৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪৬. নফল সালাত ঘরে আদায়ের ফযীলত প্রসঙ্গে

# باب فِي فَضْلِ التَّطَوُّعِ فِي الْبَيْتِ

#### আরবী

\_ صحیح : ق

#### বাংলা

১৪৪৭। যায়িদ ইবনু সাবিত (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মসজিদে একটি হুজরাহ বানিয়ে নিলেন। রাতে সেখানে গিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত আদায় করতেন। বর্ণনাকারী বলেন, লোকেরাও তাঁর সাথে সালাত আদায় করতো এবং তারা প্রতি রাতে সেখানে একত্র হতো। এক রাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের নিকট (মসজিদে) না আসায় তারা গলা খাকাড়িও উচ্চস্বরে কথাবার্তা বললো, এমনকি তাঁর ঘরের দরজায় কংকর নিক্ষেপ করলো। বর্ণনাকারী বলেন, অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অসম্ভষ্ট মনে তাদের নিকট এসে বললেনঃ হে লোকেরা! তোমাদের কি হলো যে, তোমরা (নফল সালাত জামা'আতে আদায়ের জন্য) ব্যতিব্যস্ত হচ্ছো? আমি আশংকা করছি, তোমরা



এভাবে এলে রাতের নফল সালাত তোমাদের উপর ফারয করা হতে পারে? কাজেই নফল সালাত তোমাদের নিজ নিজ ঘরে আদায় করা উচিত। কেননা ফারয সালাত ছাড়া প্রত্যেক ব্যক্তির নফল সালাত নিজ ঘরে আদায় করাই উত্তম।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

## **English**

Zaid b. Thabit said:

The Messenger of Allah (\*\*) built a chamber in the mosque. He used to come out at night and pray there. They (the people) also prayed along with him. They would come (to prayer) every night. If on any night the Messenger of Allah (\*\*) did not come out, they would cough, raise their voices and throw pebbles and sand on his door. The Messenger of Allah (\*\*) came out to time in anger and said: O People, you kept on doing this till I thought that it will be prescribed for you. Offer your prayers in your houses, for a man's prayer is better in his house except obligatory prayer.

### ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : আযান, অনুঃ রাতের সালাত, হাঃ ৭৩১), মুসলিম (মুসাফিরের সালাত, অনুঃ নফল সালাত মুস্তাহাব) আবূ নাযর হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু সাবিত (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন